



# পশ্চিমবঙ্গ স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্প

## উচ্চশিক্ষা দপ্তর



### প্রকল্পটির উদ্দেশ্য:

পশ্চিমবঙ্গবাসী শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যতের স্বার্থে ও শিক্ষাক্ষেত্রে তাদের এগিয়ে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্পের মাধ্যমে স্বল্প সুদ অথচ দীর্ঘমেয়াদে পরিশোধযোগ্য সর্বোচ্চ ১০ লাখ টাকা পর্যন্ত শিক্ষা ঋণ প্রদান করা।

### কারা এই প্রকল্পটির সুবিধা পেতে পারেন:

- ১) ভারতীয় নাগরিক, অন্ততপক্ষে ১০ বছর পশ্চিমবঙ্গে বসবাসকারী পরিবারভুক্ত শিক্ষার্থী এবং আবেদন করার সময় শিক্ষার্থীর বয়স অনধিক ৪০ বছর হতে হবে।
- ২) পশ্চিমবঙ্গ সরকারের স্বীকৃত বোর্ড/সংসদের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সরকারি/বেসরকারি বিদ্যালয়/মাদ্রাসায় দশম শ্রেণি থেকে উচ্চমাধ্যমিক পাঠরত শিক্ষার্থী।
- ৩) দেশ/বিদেশের যে কোনও স্বীকৃত কলেজ/বিশ্ববিদ্যালয়/উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা কোর্স সহ স্নাতক/স্নাতকোত্তর/পেশাগত/ডক্টরাল ও পোস্ট ডক্টরাল কোর্সে পাঠরত শিক্ষার্থী।
- ৪) বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য কোচিং ইনস্টিটিউশনে প্রশিক্ষণরত শিক্ষার্থী।

### প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি:

- ১) আবেদনকারীর আধার কার্ডের জেরক্স কপি, মোবাইল ফোন নম্বর ও ই-মেল আই ডি;
- ২) আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার (মা/বাবা/আইনি অভিভাবক) রঙিন ছবি, প্যান কার্ডের জেরক্স কপি। যদি প্যান কার্ড না থাকে তাহলে নির্দিষ্ট ফর্ম্যাটে অঙ্গীকারপত্র;
- ৩) অভিভাবকের ঠিকানার প্রমাণপত্রের জেরক্স কপি ও মোবাইল ফোন নম্বর;
- ৪) আবেদনকারী ও ঋণ-গ্রহীতার ব্যাঙ্কের পাশবই-এর প্রথম পাতার জেরক্স কপি;
- ৫) আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার নমুনা স্বাক্ষর;
- ৬) শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির প্রমাণপত্র/ নথির জেরক্স কপি এবং কোর্স ফি সম্বলিত নথির জেরক্স কপি;
- ৭) আবেদনকারীর বয়সের প্রমাণপত্র (প্যান/আধার/দশম শ্রেণির বোর্ড পরীক্ষার অ্যাডমিট কার্ড/ড্রাইভিং লাইসেন্স);
- ৮) আবেদনকারীর সর্বশেষ যোগ্যতা-নির্ধারক পরীক্ষার সার্টিফিকেট/মার্কশিট;
- ৯) অভিভাবকের গত দু'বছরের আয়কর দাখিলের প্রমাণপত্র (বাধ্যতামূলক নয়);
- ১০) অভিভাবকের সম্পত্তি এবং দায় বিষয়ক নথি (বাধ্যতামূলক নয়)।

### যোগাযোগ:

- ১) নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করতে হবে।
- ২) [www.wb.gov.in](http://www.wb.gov.in), <https://banglaruchchashiksha.wb.gov.in> -এর Student Credit Card Tab বা <https://wbccc.wb.gov.in> ওয়েবসাইট দেখুন।
- ২) টোল ফ্রি নম্বর: ১৮০০১০২৮০১৪ - এই নম্বরে ফোন করুন।
- ৩) ই-মেল: [support-wbccc@bangla.gov.in](mailto:support-wbccc@bangla.gov.in) বা [contactwbccc@gmail.com](mailto:contactwbccc@gmail.com) মেল করুন।